

### ৩.১.৮ ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচির পলিসি কমিটি

ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচির পলিসি কমিটির গঠন, সভা এবং দায়িত্ব ও কার্যাবলি নিম্নরূপ:

১	মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়,	সভাপতি
২	সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	সহ-সভাপতি
৩	চেয়ারম্যান, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি	সদস্য
৪	সচিব, অর্থ বিভাগ	সদস্য
৫	সচিব, কৃষি মন্ত্রণালয়	সদস্য
৬	সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	সদস্য
৭	সচিব, তথ্য মন্ত্রণালয়	সদস্য
৮	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ	সদস্য
৯	সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ	সদস্য
১০	সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়	সদস্য
১১	সচিব, স্থানীয় সরকার বিভাগ	সদস্য
১২	সদস্য, কৃষি, পানিসম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন	সদস্য
১৩	মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর	সদস্য
১৪	মহাপরিচালক, বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট	সদস্য
১৫	প্রতিনিধি, মন্ত্রিপরিষদ বিভাগ (যুগ্মসচিব পদমর্যাদার নিচে নয়)	সদস্য
১৬	প্রতিনিধি, জনপ্রশাসন মন্ত্রণালয় (যুগ্মসচিব পদমর্যাদার নিচে নয়)	সদস্য
১৭	পরিচালক (প্রশাসন), ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি	সদস্য
১৮	যুগ্মসচিব (দুর্যোগ ব্যবস্থাপনা কর্মসূচি), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	সদস্য-সচিব

#### ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচির পলিসি কমিটির সভা

- (১) বছরে অন্তত দুই বার সভা অনুষ্ঠিত হবে; জবুরি প্রয়োজনে এ কমিটি বিশেষ সভা আহ্বান করতে পারবে;
- (২) অন্যান্য এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে সভার কোরাম হবে;

- (৩) কমিটি প্রয়োজনে এ বিষয়ে সংশ্লিষ্ট কোনো ব্যক্তিকে এর সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে অথবা কমিটির সভায় অংশগ্রহণের আমন্ত্রণ জানাতে পারবে;
- (৪) প্রয়োজনে উপকমিটি গঠন করা যাবে।

#### ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচির পলিসি কমিটির দায়িত্ব ও কার্যাবলি

- (১) ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচির কার্যক্রম পরিচালনার কৌশলগত নীতি নির্ধারণ;
- (২) ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচির পরিচালনার নীতি ও পরিকল্পনা মূল্যায়ন করে 'সিপিপি' বাস্তবায়ন বোর্ডকে কৌশলগত দিক-নির্দেশনা ও পরামর্শ প্রদান;
- (৩) ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচির কার্যক্রম মূল্যায়নপূর্বক বাস্তবায়নের কৌশলগত দিক-নির্দেশনা ও পরামর্শ প্রদান;
- (৪) বাস্তব অবস্থার পরিপ্রেক্ষিতে সিপিপির কর্ম এলাকা সম্প্রসারণসহ সম্পদ ও সরঞ্জামাদির চাহিদার ভিত্তিতে সিপিপি বাস্তবায়ন বোর্ডের অনুকূলে প্রয়োজনীয় বরাদ্দ প্রদানের সুপারিশ প্রদান;
- (৫) ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচির নীতি, পরিকল্পনা ও কার্যক্রম সর্বোচ্চ পর্যায়ের নীতিনির্ধারকদের অবহিতকরণের মাধ্যমে এ কর্মসূচি ত্বরান্বিতকরণ।